(একই নম্বর স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৩৮১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

**বিষয়: ইউনিয়ন পরিষদের উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ইভিএম এর মাধ্যমে ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন **(সংলগ্নী-১)** অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | |
|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৮ জুন ২০২২ |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ৩০ জুন ২০২২ |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৭ জুলাই ২০২২ |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৭ জুলাই ২০২২** |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **০৩ জুলাই ২০২২** এবং দায়েরকৃত আপিল **০৬ জুলাই ২০২২** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **০৭ জুলাই ২০২২** এবং পরের দিন অর্থাৎ **০৮ জুলাই ২০২২ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৩। **ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদে মনোনয়নপত্র প্রত্যাহার করা ও শপথ না করায় অথবা নির্বাচিত প্রার্থীর শপথ গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ অথবা অন্যবিধ কারণে পুনঃনির্বাচন:** সকল প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করা ও শপথ না করায় অথবা নির্বাচিত প্রার্থীর শপথ গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ ইত্যাদি কারণে যেসব ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদের নির্বাচন **(সংলগ্নী-২)** সম্পন্ন হয়নি সেগুলোতে উল্লিখিত নির্দেশনা অনুসারে নতুন করে মনোনয়নপত্র আহ্বানকরতঃ অথবা যে পর্যায় স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে পদ্ধতিগতভাবে ইভিএম এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

৪। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পাশ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৫। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৬। **ভোটগ্রহণের সময়সীমা** : বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে **সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে** বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৭। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন:** স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করতে হবে।

৯। **অন্যান্য নির্দেশনা** :

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৫০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

১০। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ ও ২ এ উল্লিখিত ইউনিয়ন পরিষদের উপনির্বাচন/পুনঃনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

সংলগ্নী: উপরে বর্ণিত

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, .................... (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,............................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................... (সংশ্লিষ্ট)

মোঃ আতিয়ার রহমান
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:ecsemc2@gmail.com

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০২.২২-৩৮১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৯
০৬ জুন ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,........................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. জেলা প্রশাসক, ......................................... (সংশ্লিষ্ট)
২১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
২২. পুলিশ সুপার, .............................(সংশ্লিষ্ট)
২৩. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৮. অফিসার-ইন-চার্জ, ....................................................(সংশ্লিষ্ট) থানা।

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

# ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী (সংশোধিত)

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|
| ১. দিনাজপুর | ১. বোচাগঞ্জ | ১. আটগাঁও | ১. ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. নীলফামারী | ২. সদর | ২. চড়াইখোলা | ২. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | ৩. ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | ৩. চওড়া বড়গাছা | ৪. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩. রংপুর | ৩. বদরগঞ্জ | ৪. দামোদরপুর | ৫. ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪. গাইবান্ধা | ৪. সুন্দরগঞ্জ | ৫. রামজীবন | ৬. ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫. রাজশাহী | ৫. পবা | ৬. দামকুড়া | ৭. ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৬. নাটোর | ৬. সদর | ৭. ছাতনী | ৮. ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৭. পাবনা | ৭. ফরিদপুর | ৮. বনওয়ারীনগর | ৯. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ৮. চাটমোহর | ৯. ছাইকোলা | ১০. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৮. কুষ্টিয়া | ৯. মিরপুর | ১০. ধুবইল | ১১. ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ১০. কুমারখালী | ১১. বাগুলাট | ১২. ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯. নড়াইল | ১১. সদর | ১২. শাহাবাদ | ১৩. ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১০. পটুয়াখালী | ১২. গলাচিপা | ১৩. বকুলবাড়িয়া | ১৪. ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ১৩. দুমকী | ১৪. শ্রীরামপুর | ১৫. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১১. শেরপুর | ১৪. নালিতাবাড়ী | ১৫. রামচন্দ্রকুড়া মন্ডলিয়াপাড়া | ১৬. চেয়ারম্যান |
| | ১৫. সদর | ১৬. চরপক্ষীমারী | ১৭. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১২. ময়মনসিংহ | ১৬. মুক্তাগাছা | ১৭. ঘোগা | ১৮. ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৩. মানিকগঞ্জ | ১৭. দৌলতপুর | ১৮. চকমিরপুর | ১৯. ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ১৮. সাটুরিয়া | ১৯. বরাইদ | ২০. ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৪. মুন্সীগঞ্জ | ১৯. সদর | ২০. মোল্লাকান্দি | ২১. ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | ২১. বজ্রযোগিনী | ২২. চেয়ারম্যান |
| ১৫. ঢাকা | ২০. ধামরাই | ২২. কুল্লা | ২৩. ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১৬. নরসিংদী | ২১. রায়পুরা | ২৩. চরমধুয়া | ২৪. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৭. ফরিদপুর | ২২. সদর | ২৪. গেরদা | ২৫. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৮. মাদারীপুর | ২৩. শিবচর | ২৫. সন্যাসীরচর | ২৬. চেয়ারম্যান |
| | ২৪. সদর | ২৬. কালিকাপুর | ২৭. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৯. গোপালগঞ্জ | ২৫. মুকসুদপুর | ২৭. বাটিকামারী | ২৮. চেয়ারম্যান |
| ২০. হবিগঞ্জ | ২৬. লাখাই | ২৮. মুড়িয়াউক | ২৯. ২নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২১. কুমিল্লা | ২৭. দেবিদ্বার | ২৯. সুবিল | ৩০. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২২. চাঁদপুর | ২৮. শাহরাস্তি | ৩০. চিতোষী (পূর্ব) | ৩১. ২নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ২৯. কচুয়া | ৩১. কড়ইয়া | ৩২. ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৩. ফেনী | ৩০. সোনাগাজী | ৩২. সোনাগাজী | ৩৩. ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৪. নোয়াখালী | ৩১. বেগমগঞ্জ | ৩৩. দুর্গাপুর | ৩৪. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ৩২. কোম্পানীগঞ্জ | ৩৪. চরহাজারী | ৩৫. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | ৩৩. চাটখিল | ৩৫. পরকোট | ৩৬. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২৫. রাঙ্গামাটি | ৩৪. লংগদু | ৩৬. লংগদু | ৩৭. চেয়ারম্যান |

সংলগ্নী-২

## ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদে মৃত্যুজনিত বা মনোনয়নপত্র দাখিল না করা, শপথ না করায় অথবা অন্যবিধ কারণে পুনঃনির্বাচনের বিবরণী

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|
| ১. লালমনিরহাট | ১. কালীগঞ্জ | ১. চলবলা | ১. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. গাইবান্ধা | ২. সদর | ২. লক্ষ্মীপুর | ২. ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৩. রাজশাহী | ৩. গোদাগাড়ী | ৩. দেওপাড়া | ৩. ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৪. কুষ্টিয়া | ৪. দৌলতপুর | ৪. চিলমারী | ৪. ৫নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | ৫. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৫. পটুয়াখালী | ৫. বাউফল | ৫. নাজিরপুর তাতেরকাঠী | ৬. চেয়ারম্যান |
| | | | ৭. ২নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৬. নারায়ণগঞ্জ | ৬. আড়াইহাজার | ৬. কালাপাহাড়িয়া | ৮. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | ৭. হাইজাদী | ৯. ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৭. মাদারীপুর | ৭. শিবচর | ৮. কাঁঠালবাড়ি | ১০. ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৮. চাঁদপুর | ৮. মতলব দক্ষিণ | ৯. উপাদী উত্তর | ১১. ১নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ৯. নোয়াখালী | ৯. সোনাইমুড়ী | ১০. নদনা | ১২. ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১০. লক্ষ্মীপুর | ১০. সদর | ১১. দিঘলী | ১৩. চেয়ারম্যান |
| ১১. চট্টগ্রাম | ১১. রাঙ্গুনীয়া | ১২. পারুয়া | ১৪. ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১২. খাগড়াছড়ি | ১২. সদর | ১৩. ভাইবোনছড়া | ১৫. ৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| | | | ১৬. ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ১৩. কিশোরগঞ্জ | ১৩. করিমগঞ্জ | ১৪. দেহুন্দা | ১৭. ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য |